


Faculty Name: Dr. Sanchali Banerjee

Title of Book: Jouno-Linga-Binyas



যৌন-লিঙ্গ বিন্যাস
মানবীবিদ্যায় ভারতের নারী

সম্পাদনা
সানন্দা সেন
পিয়ালী হালদার



গাঙ্টি ল



Jouna-Lingga Binnyas: Manabividay Bharater Nari
edited by Sananda Sen & Piyali Haldar

প্রথম প্রকাশ

কলকাতা বইমেলা ২০২০

প্রকাশক

অগ্নিমা বিশ্বাস

গাঙ্গচিল

‘মাটির বাড়ি’, ওঙ্কার পার্ক, ঘোলা বাজার, কলকাতা ৭০০ ১১১

gangchiladhir@gmail.com

www.facebook.com/gangchil

বিক্রয়কেন্দ্র

কলেজ স্ট্রিট মার্কেট (বর্ণপরিচয়, দোতলা) স্টল নং সি (পি) ৬

কলকাতা ৭০০ ০০৭ ফোন ৯৮৩২৯ ৯১৫৩০; ৯৮৩২৮ ০৭৬৬৫

০৩৩ ২২৪১ ০৪০৪ (১ থেকে ৮টা)

মুদ্রক

এস পি কমিউনিকেশনস ৩১বি রাজা দীনেন্দ্র স্ট্রিট, কলকাতা ৭০০ ০০৯

প্রচন্দ পরিকল্পনা ও রূপায়ণ

বিপুল গুহ

ISBN 978-93-88380-89-8

দাম ৩৫০ টাকা

সূচি

মুখ্যবক্তা ৯
ভূমিকা ১৩

যৌন/লিঙ্গ বিন্যাস ২১
সামন্দা সেন

ভারতের স্বাধীনতা পরবর্তী নারী আন্দোলন ৩২
সহেলী দে

রাজনীতি ও নারী ৫৫
ইন্দ্রাণী বসু

শিক্ষাক্ষেত্রে নারী সমাজের সমতাবিধান ৬৯
প্রতিমা কীর্তনীয়া

নারী ও শিশু স্বাস্থ্য: একটি সামাজিক মূল্যায়ন ৯৮
সুমনা বাগচী

লিঙ্গ এবং পরিবেশ: প্রেক্ষিত ও সংযুক্তিকরণ ১১৭
ত্রতী দে

শ্রমশক্তির উৎসরূপে নারী ১৩৩
সন্ধানী ব্যানার্জি

নারী ক্ষমতায়ন: ক্ষুদ্র ঝাগ ও স্বনির্ভর গোষ্ঠী ১৪৪
ইমরান ফিলিপ

লিঙ্গ বিন্যাসে গণমাধ্যম ১৬৪
পিয়ালী হালদার

আইনের দর্পণে নারী: একটি বিশ্লেষণ ১৯২
ড. সঙ্গীতা চট্টোপাধ্যায়

নির্দেশিকা ২১৯

গোৰুক পরিচয় ২২৯

শ্রমশক্তির উৎসরূপে নারী

সঞ্চালী ব্যানার্জী

সাধারণ ভাবে বিশ্বায়ন (Globalization) বলতে বোঝায়, দেশ-বিদেশ জুড়ে আর্থ-সামাজিক পরিবর্তনের এক বহুমাত্রিক ও সুদূরপ্রসারী প্রক্রিয়া। এই প্রক্রিয়ার অন্যতম বৈশিষ্ট্য হল, একটীকরণ বা (Integration)— যা বিশেষত উৎপাদন, বিপণন এবং বাণিজ্যের ক্ষেত্রে পরিলক্ষিত হয়। বিশ্বায়নের ভাল-মন্দ মিলিয়ে কিছু ইতিবাচক এবং কিছু নেতিবাচক দিক আছে। বিশ্বায়ন একদিকে যেমন প্রগতির পথকে প্রশস্ত করে, অপর দিকে তেমনি লোভ-লালসা, ভোগ, আগ্রাসন, দুর্নীতি প্রভৃতি দ্বারা মানুষের জীবনকে গ্রাস করতে থাকে। এর পরিণতিস্বরূপ সমাজে সব চেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় নারীরা। কারণ, পরিসংখ্যান অনুযায়ী প্রমাণ পাওয়া যায় যে, কৌ ভাবে বিশ্ব জুড়ে নারীর ওপর হিংসাশ্রয়ী অপরাধ উভ্রোত্তর বেড়ে চলেছে এবং তার সঙ্গে ক্রমাগত ঘটে চলেছে নারী ও কন্যাশিশু পাচার, কন্যাঙ্গণ বিনাশ এবং বিনোদনের আড়ালে নারীসন্তা ও নারীদেহের অবমূল্যায়ন। বিশ্বায়নের দাপটে পুরুষ ও মহিলাদের কাজের শর্ত ও স্বরূপের অনেকটাই বদলে যায়। যার ফলে গত কয়েক দশক ধরে সর্বাধিক আলোচিত বিষয় হল, তৃতীয় বিশ্বে কাজের অধিকারের ক্ষেত্রে নারীদের বৃদ্ধি। আমাদের এই প্রবন্ধের আলোচ্য বিষয় হল, ‘শ্রমশক্তির উৎসরূপে নারী ও তার সামাজিক মূল্যায়ন’। প্রবন্ধের ভূমিকায় বিশ্বায়নের প্রসঙ্গ আমাদের আলোচনার পরবর্তী ক্ষেত্রে বিশেষ ভাবে পুনরায় উপস্থিত হবে।

আলোচনার প্রথমে সমাজে নারীর অবস্থান ও ভূমিকাকে আদিম সাম্যবাদী